দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG 1999 ...
পৃষ্ঠা ২ কলাম ৬

15

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন পালিত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচী পালিত হয়। সহস্রাধিক ছাত্রছাত্রী এ মানববন্ধনে অংশগ্রহণ করে।

মানববন্ধনকালে ক্যাম্পাসের বাইরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে কুষ্টিয়া-খুলনা মহাসড়কে বেশ কিছু সময় অবরোধ করে রাখে ছাত্রছাত্রীরা। ছাত্রছাত্রীরা 'মানববন্ধন' লিখিত মুকুট মাথায় দিয়ে হাতে বিভিন্ন ধরনের ফেস্টুন ও ব্যানার নিয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান এলাকা প্রদক্ষিণ করে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনার সাথে জড়িতদের উপযুক্ত শাস্তি দাবি করে প্রগতিশীল সংগঠনগুলো এ মানববন্ধনের আয়োজন করে।